



মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭.১৯- ১২৯

তারিখ- ১৬/১০/২০১৯

“পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত এবং মবক এর হাসপাতালের জন্য অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	৩১/৩/২০১৯ তারিখে বয়স	নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	ডেপুটি হারবার মাস্টার ৫০,০০০-৭১,২০০/-	০১	৩৫ বৎসর	০২ বৎসরের কমান্ড অভিজ্ঞতাসহ কমপক্ষে মাস্টার (এফ.জি) অথবা ০৩ বৎসরের বন্দর পরিচালনের অভিজ্ঞতাসহ মাস্টার (এফ.জি)।
০২	লেডি মেডিকেল অফিসার ৩৫,৫০০-৬৭,০১০/-	০১	৩২ বৎসর বিশেষ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর বয়স শিথিলযোগ্য	অন্যন ১(এক) বছরের ইন্টার্নী ট্রেনিংসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রী প্রাপ্তির পর ৭ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী। গাইনী এবং অবস্ট্রিট্রিয়ন এ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে।
০৩	আবাসিক চিকিৎসক (অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত) ২৯,০০০-৬৩,৪১০/-	০১	৩২ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রী; (খ) সার্জারীতে সহকারী রেজিষ্ট্রার/রেজিষ্ট্রার/আরএস পদে অন্যন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।
০৪	সহকারী শিক্ষক ১৬,০০০-৩৮,৬৪০/-	০২	৩০ বৎসর	ক) সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। খ) বিএড/এমএড ডিগ্রী থাকিতে হইবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হইবে।
০৫	ড্রাইভার ১ম শ্রেণী ১২,৫০০-৩০,২৩০/-	০১	৩০ বৎসর	১ম শ্রেণীর ড্রাইভার হিসাবে সনদপত্রসহ ৮ম শ্রেণী পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবে।
০৬	সিনিয়র স্টাফ নার্স (অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত) ১২,৫০০-৩০,২৩০/-	০৬	৩০ বৎসর	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত; (খ) নার্সিং এ ডিপ্লোমা প্রাপ্তির পর অন্যন ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী।
০৭	সহকারী শিক্ষক (নন-ট্রেড) ১২,৫০০-৩০,২৩০/-	০১	৩০ বৎসর	কমপক্ষে স্নাতক ডিগ্রী প্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৮	ফর্কলিফ্ট ড্রাইভার ১০,২০০-২৪,৬৮০/-	০২	৩০ বৎসর	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) হেভি মটর ড্রাইভিং এর বৈধ সাইসেন্স থাকিবে হইবে এবং (গ) ফ্রেন চালক হিসেবে ৩ বৎসরের চাকুরী।
০৯	ড্রাইভার ২য় শ্রেণী ৯,৭০০-২৩,৪৯০/-	০১	৩০ বৎসর	২য় শ্রেণীর ড্রাইভার হিসাবে উপযুক্ত সনদপত্রসহ অভিজ্ঞতা।
১০	ল্যান্ড সার্ভেয়ার ৯,৭০০-২৩,৪৯০/-	০১	৩০ বৎসর।	কমপক্ষে এস এস সি পাশসহ আমিনশীপ সনদপত্র থাকিতে হইবে।
১১	লাইট হাউজ মিস্ট্রী ৯,৭০০-২৩,৪৯০/-	০১	৩০ বৎসর	কমপক্ষে এসএসসি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেট।
১২	জুনিয়র ফ্রেন ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০/-	০২	৩০ বৎসর	এসএসসি পাস ও ভারী যানবাহন চালনায় লাইসেন্স ও ড্রাইভিং এ ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা।
১৩	কার ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০/-	০৫	৩০ বৎসর	৮ম শ্রেণী পাস ড্রাইভিং লাইসেন্সসহ ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৪	জুনিয়র শিক্ষক ৯,৩০০-২২,৪৯০/-	০১	৩০ বৎসর	শিক্ষকতায় প্রশিক্ষণসহ কমপক্ষে এইচ,এস,সি পাস।
১৫	সিনিয়র ওয়াচার ৯,৩০০-২২,৪৯০/-	০১	৩০ বৎসর	এইচএসসি পাসসহ সংশ্লিষ্ট কাজের সনদপত্র প্রাপ্তন ন্যাশনাল ক্যাডেট কোরের সদস্য।
১৬	স্পীড বোট ড্রাইভার ৯,৩০০-২২,৪৯০/-	০১	৩০ বৎসর	ড্রাইভারশীপ সনদপত্র থাকিতে হইবে।
১৭	ফায়ার লিডার ৯,৩০০-২২,৪৯০/-	০১	৩০ বৎসর	কমপক্ষে এস এস সি পাশসহ ফায়ার সার্ভিস/সিভিল ডিফেন্স- এট্রেনিং প্রাপ্ত ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা
১৮	জুনিয়র নিরীক্ষক ৯,৩০০-২২,৪৯০/-	০১	৩০ বৎসর	বাণিজ্য শাখায় দ্বিতীয় বিভাগে এইচ,এস,সি পাস। স্নাতক (বাণিজ্য) ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
১৯	নিরাপত্তা হাবিলদার ৮৮০০-২০২৯০/-	০৩	৩০ বৎসর	এসএসসি পাসসহ সামরিক/ আধা-সামরিক/ পুলিশ/ আনসার বাহিনীর অবসর প্রাপ্ত হাবিলদার অথবা সমমানের কর্মচারী।

শর্তাবলিঃ

১। প্রার্থীকে www.mpajobsbd.com ঠিকানায় অনলাইনে ৩১/৩/২০১৯ তারিখের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক সাবমিট করার পর প্রিন্ট আউট কপি নিতে হবে।

২। মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে ১ থেকে ৪নং ক্রমিকের প্রার্থীগণ ৫০০/- (পাঁচশত) এবং ৫ থেকে ১৮ ক্রমিকের প্রার্থীগণ -১০০/- (একশত) এবং ১৯নং ক্রমিকের প্রার্থীগণ ৫০/- (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করে সম্প্রতি তোলা ৩ কপি সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদন করার পর আবেদনের প্রিন্টেট কপি ০৭/৪/২০১৯ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

৩। সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, ট্রেড সার্টিফিকেট ও অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) পরীক্ষার সময় সংগে আনতে হবে, যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র পরীক্ষার সময় সংগে আনতে হবে।

৪। ৩নং শর্তে উল্লেখিত সকল কাগজপত্রের ১ সেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৫। মবক চাকুরী বিধি এবং নিয়োগপত্রের শর্ত মোতাবেক চাহিত তথ্যাবলিতে কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে নিয়োগ কমিটি সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষা বাতিল করতে পারবেন।

৬। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থী এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীদের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। অন্যান্য সকল ক্ষেত্রে ৩১/৩/২০১৯ তারিখে অনূন্য ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ বছর হবে।

৭। বর্তমান ঠিকানা স্বত্বলিখিত ১০"X ৫" সাইজের খামের উপর ১০ টাকা মূল্যের ডাকটিকেট সংযোজনপূর্বক ফিরতি খাম দরখাস্তের সাথে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত কোটাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে। সরকার নির্ধারিত এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং জেলা কোটার আওতায় বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি (সরকারি গেজেটেড কর্মচারি কর্তৃক নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত) মূল সনদসহ পরীক্ষার সময় আনতে হবে।

৯। ক্রমিক নং ০৫ থেকে ১৮ পর্যন্ত পদসমূহের জেলা কোটায় পদ খালি না থাকায় মানিকগঞ্জ, গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, মাগুরা, নড়াইল, ঝালকাঠী, পিরোজপুর ও বরগুনা জেলার বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। তবে উক্ত জেলাসমূহের এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। একইভাবে ১৯নং ক্রমিকের ক্ষেত্রে জেলা কোটায় পদসমূহ খালি না থাকায় গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা ও নোয়াখালী জেলার বাসিন্দাদের দরখাস্ত করার প্রয়োজন নেই। তবে উক্ত জেলাসমূহের এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ দরখাস্ত করতে পারবেন।

১০। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।


১১। সরকারী ও অন্যান্য সংস্থার চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট-www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট কপি পরীক্ষার সময় সাথে আনতে হবে।

১৩। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কোন প্রকার তদ্বির/প্রভাব বিস্তার প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। একই সাথে অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা এবং কাটা হেঁড়া দরখাস্ত বাতিল হবে।

১৫। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



কমান্ডার মোহাম্মদ দুরুল হুদা
পরিচালক (প্রশাসন)(ভারপ্রাপ্ত)